

ত্রুশবিদ্ব কবিতা

১

পঁচিশে ডিসেম্বর, মধ্যরাতে, ঘুম ভেঙে ত
কাই

বিছানার পাশে দেখি

খঁসে পড়ে আছে

সেই তারা

গবাছুরের গন্ধে ভরে আছে খড়ের চালাটি

রোমকূপে কাঁটা দেয়

উঠে পড়ি ঝটকা মেরে

বুকের যে দুটো দরজা পেরেকে গেঁথে

বন্ধ করা ছিল

কে যে তাকে ডেকে বলে — দরজা খোলে

না, সময় হয়েছে!

সময়, তাকিয়ে দ্যাখো

আকাশে আকাশে ঐ যে বিরাট পুষ

তিনিও তো ত্রুশকাঠ কাঁধে নিয়ে চলেছেন

তুমি কোন ছার

তাঁরও তো হৃদয় বিদ্ব পেরেকে, পেরেকে,

রঙে

তুমি বাচ্চা ছেলে

বুকের যে টুকু অংশে ছিঁড়ে, কুটে কিংবা

হেসে খেলে

কাল রাতে ও যাকে তুমি তাড়িয়েছো দাগ

বিদ্রোহে

আজকের সকালে তাকে ডেকে নাও

আবার প্রেমের গানে বেঁচে, ম'রে জেগে

ওঠো মহাসমারোহে!

ফিরে দেখা

যারা লেখে

আমি লিখেছি লিখেছি সংসার

আমি লিখেছি লিখেছি শাস্ত্র

আমি যেমন লিখেছি ক্লিন্টন

আমি তেমনই লিখেছি কাস্ত্রো

আমি লিখেছি লিখেছি ফুটপাথ

আমি লিখেছি সস্তা পর্নো

দ্যাখো এপাশে লিখেছি অর্জুন

আর ওপাশে লিখেছি কর্ণ

তুমি দুটি পাশ ধরে টানতেই

আজ বেধে গেল ঘোর যুদ্ধ

আমি তবুও লিখিনি চুরমার

আমি তবুও লিখিনি ত্রুদ্ব

আমি কখনও লিখিনি কেরোসিন

আর পোড়া শরীরের নন্দন

শুধু প্যাথোজ লিখেছি বেহালায়

আর মঞ্চে মিলেছে ত্রুন্দন

আমি লিখেছি সাগর সৈকত

তাতে লিখেছি প্রচুর বিকিনি

আমি লিখেছি অবাক পৃথিবী

উঁহ, সেলাম লিখতে শিখিনি!

তিনি ও আমার

কেরিয়ার গড়তে এসে আমরা যারা অপমান

সই

আমরা যারা কাপুষ, আমরা যারা উনিশশো

নববই

যারা আজও মঞ্চে উঠে কৃষ্ণযাত্রা ধুয়ে ধুয়ে খ

ই

দুটো 'কল-সো' পাবো ব'লে আজও যারা



রঙমেখে দাঁড়াই
সেলিব্রিটিদের যারা ভাইপো-ভাইবি, আমরা
যারা মিডিয়ার ভাই
মনীষীর মৃত্যু হ'লে আমরা যারা ব্যান্ডপার্টি ব
াজাই
আমরা যারা পার্টি করি, কিংবা যারা আখের
গোছাই
শবদেহে পুত্প ঢেলে যারা বলি — 'ভোট-টা
কিন্তু চাই'
তাদের হিসেব ব্যর্থ, হাতে ডায়েরি, বুক-পকে
টে পেন
শব্দ মিত্র আমাদের গালে একটা থাপ্পড় ম
ারলেন!

শিবাশিস মুখোপাধ্যায়